

কালো শাড়ি আতিকুর রহমান লাবু

যত্ন করে কাজল দিয়েছিলে বুবি আজ?
যেন রেম্ব্রান্টের তুলি ছোঁয়া দিয়ে গেছে চোখের পাতায়
তার ম্যাজিক লাইটের দেখা পেলাম চোখের তারায়।
আজ তোমার গালের হলুদে যেন রেনোয়ার ছোঁয়া
আর হাসিতে ছিলো ভিপ্পির মোনালিসার কায়া।
গগ্যার তাহিতি রমণীদের মতো সমৃদ্ধ বুক তোমার
মনে হচ্ছিলো স্পর্শ পেয়েছো এ্যাঞ্জেলোর একাগ্রতার
সেজানের ছোঁয়া ছিলো কালো শাড়িতে তোমার
পাড়ে ছিলো, ওরিয়েন্টাল আর্টের বাহার
এদুয়ার মনের পানশালার কালো ড্রেস পরা মেয়েটির মতো।
মনে হলো বিধাতা হয়তো বানিয়েছেন তোমায়
কিন্তু যত্ন করে সাজিয়েছেন ঐ শিল্পীর দল।

তুমি এক অসম্ভব শিল্প হয়ে উঠেছিলে আজ।
আমার কপোত হৃদয় ভ্যান গগের ক্ষেত দিয়ে উড়ে যায়
যেন সেই এ্যান্টিক সূর্যমুখীর আশায়।
জয়নুলের দাপুটে টান ছিলো তোমার চিবুকে, গ্রীবায়
কোমরের চেটাটি শুধু অবনীন্দ্রেই মানায়।

কামরংলের কোন কন্যা তুমি?
কন্যা? যে জায়া হলো? হবে জননী?
আমি চাই তুমি হও কিংকরের সাঁওতাল নদিনী
নেশায় বুঁদ হওয়া এই আলিঙ্গনে বেশামাল বন্দিনী।

কালো শাড়ি তুমি আর পরবে না সোনা
যখন তোমার পাশে, ধরো, আমি থাকছি না
এমন বিপন্নতায় চাই তোমার এইটুকু সান্ত্বনা।

রাজশাহী, নভেম্বর/ ২০১০